# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫১

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ (৪) সাহারী খাওয়া প্রসঙ্গে বর্ণনা

## 4 ـ باب السحور

আরবী

3451 ـ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمُبَارَكِ بِهَرَاةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ: عَنِ الْبَرَاءِ قَالَ: كَانَ أصحاب رسول الله صلى الله عليه وسلم إِذَا كَانَ الرَّجُلُ صَائِمًا فَحَضَرَهُ الْإِفْطَارُ فَنَامَ قَبْلَ أَنْ يُفْطِرَ لَمْ يَأْكُلْ لَيْلَتَهُ وَلَا يَوْمَهُ حَتَّى يُمْسِيَ وَإِنَّ قَيْسَ بْنَ صِرْمَةَ كَانَ صَائِمًا فَلَمَّا حَضَرَ الْإِفْطَارُ أَتَى امْرَأَتَهُ فَقَالَ: هَلْ عِنْدَكِ طَعَامٌ؟ قَالَتْ: لَا وَلَكِنْ أَنْطَلِقُ فَأَطْلُبُ وَكَانَ يَوْمَهُ يَعْمَلُ فَغَلَبَتْهُ عَيْنُهُ فَجَاءَتْهُ امْرَأَتُهُ فَلَمَّا رَأَتْهُ قَالَتْ: خَيْبَةً لَكَ فَأَصْبَحَ فَلَمَّا انْتَصَفَ النَّهَارُ غُشِيَ عَلَيْهِ فَذَكَرَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَزَلَتْ هَذِهِ الْآيَةُ {أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَى نِسَائِكُمْ هُنَّ لِبَاسٌ لَكُمْ} [البقرة: 187] فَفَرِحُوا بِهَا فَرَحًا شَدِيدًا {وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الفجر} [البقرة: 187]

الراوي : الْبَرَاء | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3451 | خلاصة حكم المحدث: صحيح: خ.

বাংলা

৩৪৫১. বারা বিন আযিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ যখন সিয়াম রাখতেন, অতঃপর ইফতার করার সময় হতো, সেসময় যদি ইফতার করার আগে ঘুমিয়ে যেতেন। তখন তারা সেই রাত ও পরের দিন সন্ধা পর্যন্ত কোন কিছু খেতেন না।

একবার কাইস বিন সিরমাহ রাদ্বিয়াল্লাহু আনহু সিয়াম রেখেছিলেন। যখন ইফতারের সময় হয়, তখন তিনি তার স্ত্রীর কাছে এসে বলেন, “তোমার কাছে কোন খাবার আছে কি?” তিনি জবাবে বলেন, “জ্বী না। তবে আমি খুঁজে দেখছি।” তারপর তিনি তার জন্য খাবার খুঁজেন। সেই দিন তিনি কাজে নিয়োজিত ছিলেন। অতঃপর তার দুচোখ তাকে পরাভূত করে ফেলে (অর্থাৎ তিনি ঘুমিয়ে যান)। অতঃপর তার স্ত্রী তাকে এই অবস্থায় দেখে বলেন, “আপনার জন্য আফসোস!” তারপর তিনি সেই অবস্থাতেই সকাল করেন। অতঃপর মধ্যাহ্নের সময় তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। অতঃপর বিষয়টি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আলোচনা করা হলে এই আয়াত অবতীর্ণ হয়,أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَى نِسَائِكُمْ هُنَّ لِبَاسٌ لَكُمْ (তোমাদের জন্য বৈধ করা হয়েছে সিয়ামের রাতে তোমাদের স্ত্রীদের সাথে সংগম করা। তারা তোমাদের জন্য পোশাক স্বরুপ। -সূরা আল বাকারাহ: ১৮৭)। এতে সাহাবীগণ অত্যন্ত আনন্দিত হন। অতঃপর বলা হয়েছে, وَكُلُوا وَاشْرَبُوا حَتَّى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْأَبْيَضُ مِنَ الْخَيْطِ الْأَسْوَدِ مِنَ الفجر (আর তোমরা পানাহার কর, কালো রেখা থেকে ফজরের শুভ্র রেখা তোমাদের কাছে স্পষ্ট হওয়া পর্যন্ত।-সূরা আল বাকারাহ: ১৮৭ )।”[1]

## ফুটনোট

[1] দারেমী: ২/৫; সহীহুল বুখারী: ১৯১৫; তিরমিযী: ২৯৬৮; মুসনাদ আহমাদ: ৪/২৯৫; আবূ দাউদ: ২৩১; সুনান বাইহাকী: ৪/২০১; নাসাঈ: ৪/১৪৭-১৪৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩৪৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92785

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন